

ভর্তি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি: বিষয় পছন্দক্রম শুরু, নির্ধারিত মেধাক্রমধারীদের সুযোগ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২১ এপ্রিল ২০২৫, ১৩: ৪১



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষ প্রথম বর্ষ স্নাতক শ্রেণিতে বিভিন্ন ইউনিট, উপ-ইউনিটে সাধারণ ও কোটা আসনে উত্তীর্ণ শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম (সাবজেক্ট চয়েজ) পূরণ শুরু হয়েছে। এ-সংক্রান্ত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আজ সোমবার (২১ এপ্রিল) থেকে আগামী সোমবার (২৮ এপ্রিল) পর্যন্ত শিক্ষার্থীরা নিজেদের পছন্দ অনুযায়ী অনলাইনে সাবজেক্ট চয়েজ ফরম পূরণ করতে পারবেন।

সাধারণ আসনের বিজ্ঞান অনুষদভুক্ত ‘এ’ ইউনিটে ১ থেকে ৮ হাজার মেধাক্রম পর্যন্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত ‘বি’ ইউনিটে ১ থেকে ৭ হাজার, ‘বি-২’ উপ-ইউনিটে মেধাতালিকায় উত্তীর্ণ সব শিক্ষার্থী ‘সি’ ইউনিটে ব্যবসায় শিক্ষার্থীদের ১ থেকে ২ হাজার ১, মানবিক শিক্ষার্থীদের ১ থেকে ৭১ এবং বিজ্ঞান ইউনিটে ১ থেকে ১ হাজার পর্যন্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। এ ছাড়া ‘ডি’ ইউনিটে ১ থেকে ৮ হাজার পর্যন্ত।

‘বি-১’ ও ‘ডি-১’ উপ-ইউনিটের আবেদন আগামী বৃহস্পতিবার শুরু থেকে চলবে সোমবার পর্যন্ত। এখানে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। কোটা আসনের ক্ষেত্রে ‘এ’ ইউনিটের বিভিন্ন কোটায় উত্তীর্ণ (সব), ‘বি’, ‘ডি’ ইউনিটে এবং ‘বি-২’ উপ-ইউনিটে শারীরিক প্রতিবন্ধী কোটায় (পিসিকিউ) সব আবেদনকারী। এ ছাড়া ‘বি-১’ ও ‘ডি-১’ উপ-ইউনিট লিখিত (এমসিকিউ) ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ (সব) শিক্ষার্থীরা আগামী বৃহস্পতিবার থেকে সোমবার পর্যন্ত আবেদন করতে পারবেন।

ব্যবসায় অনুষদভুক্ত শিক্ষার্থীদের কোটার আসনের জন্য প্রযোজ্য

নৃ-গোষ্ঠী কোটায় ১ থেকে ১৩, অ-উপজাতীয় কোটা ১ থেকে ৮, ওয়ার্ড কোটা ১ থেকে ৫ পর্যন্ত, মুক্তিযোদ্ধা কোটা ১ থেকে ১৩ পর্যন্ত আবেদন করতে পারবেন। এ ছাড়া শারীরিক প্রতিবন্ধী কোটায় উত্তীর্ণ সব আবেদনকারী।

বিজ্ঞান গ্রুপের শিক্ষার্থীদের জন্য নৃ-গোষ্ঠী কোটায় ১ থেকে ১৫, অ-উপজাতি ১ থেকে ১২, ওয়ার্ড ১ থেকে ১৪ এবং মুক্তিযোদ্ধা কোটায় ১ থেকে ১৮ পর্যন্ত মেধাক্রম শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। এ ছাড়া বিকেএসপিতে ১ জন এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সব আবেদনকারী আবেদন করতে পারবেন। ‘সি’ ইউনিটে কোটার জন্য মানবিকের কোনো শিক্ষার্থী নেই।

বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তির [ওয়েবসাইটে](http://www.prothomalo.com) পাওয়া যাবে।

